দৈনিক বাংলা

371

তারিখ ... 28/7/82 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

081

## এইচএসসি পরীক্ষার ফল সম্পর্কে সরকারী ভাষ্য

# অভিযোগ ভিত্তিহীন

এ বৎসরের এইচএসসি পরীক্ষায় পাসের হার কম হয়েছে বলে কতিপয় সংবাদপত্রে যে অভিযোগ প্রকাশিত হয়েছে তার প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। ইচ্ছাকৃতভাবে পরীক্ষার পাসের হার কমিয়ে আনা হয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও অমূলক। এরূপ কল্পনাপ্রসূত সংবাদ জনমনে বিশেষ করে ছাত্রছাত্রী ও অভিভাবকের মনে বিভ্রান্তি সৃষ্টি করতে পারে বিধায় সরকার প্রকৃত তথ্য তুলে ধরার প্রয়োজনীয়তা বোধ করছেন।

এটা সর্বজনবিদিত যে পরিবর্তিত পরিস্থিতিতে বর্তমান বৎসরে যাতে এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করা যায় এবং অসদুপায় অবলম্বন করা থেকে পরীক্ষার্থীদের সফলোর

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভিত্তিহীন

(১ম পৃঃ পর)

সঙ্গে নিবৃত্ত করা যায় সেজন্য কর্তৃপক্ষ পূর্বাহ্নেই সকল প্রকার প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ করেন। ফলস্বরূপ বহু পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের সুযোগ না পাওয়ায় পরীক্ষা বর্জন করে। সুতরাং ইচ্ছাকৃতভাবে পাসের হার কমানো হয়েছে একথা সত্য নয়। বিশেষ ক্ষেত্রে প্রমাদর্জন করে কিছু নম্বর বাড়ানো হয়েছে।

সরকার ইতিমধ্যে এ বৎসরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসের হার কম হওয়ার কারণ অনুসন্ধানের জন্য চারটি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণকে নির্দেশ দিয়েছেন। অধিকন্তু সরকার এসএসসি পরীক্ষায় গতানুগতিকতা পরিহার করে যথোপযুক্ত মেধা যাচাই-এর লক্ষ্যে পরীক্ষার পরিবর্তন আনার জন্যে একটি টাস্ক ফোর্সও গঠন করেছেন।

পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীদের বিষয়ে সরকার সহানুভূতিশীল। তবে অকৃতকার্য ছাত্রছাত্রীরা যাতে আগামীতে কৃতকার্য হতে পারে সেজন্য অভিভাবক মহল এবং সমাজের দায়িত্বশীল নাগরিকবৃন্দ সজাগ দৃষ্টি রাখবেন বলে সরকার আশা করেন। খবর তথ্য বিবরণীর।